

২০২০

বাংলা

(অনাস)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেষ্টার

কোর্স কোড : (BNGH-CC-T-5)

(বাংলা কথাসাহিত্যের রূপভেদ ও ছোটগল্প)

পূর্ণমান : ৬০

সময় : ২ : ৩০ মিনিটি

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) রচয়িতার নামসহ একটি ঐতিহাসিক উপন্যাস ও আধ্যাতিক উপন্যাসের নাম লেখো।
- খ) ‘শেষ হয়ে ইল না শেষ’ — ছোটগল্পের সমাপ্তির ক্ষেত্রে কথাটির গুরুত্ব কতখানি?
- গ) ‘মণিহারা’ গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ঘ) ‘যা বেটারা, ফিরে যা’ — কে, কাদের একথা বলেছিলেন?
- ঙ) ‘জীবিত ও মৃত’ গল্পের সারদাশংকরবাবু কোথাকার জমিদার ছিলেন?

- চ) ‘সে উদ্দেশ্যনা ভয়ের কি আনন্দের কি কৌতুহলের, ঠিক বলতে পারি না’ — কার, কোন্ উদ্দেশ্যনার কথা বলা হয়েছে?
- ছ) ‘স্ত্রীর পত্র’ গল্পটিকে ব্যঙ্গ করে রচিত কার লেখা কোন্ গল্প বিখ্যাত হয়েছিল?
- জ) ‘বিনোদ বলিলেন — নামের ভাবনা কি’। — কোন্ কোন্ নামের কথা বলা হয়েছে?
- ঝ) ‘বিবিকে খোঁড়া বধ করিতে পারে নাই’। — কেন খোঁড়া তাকে বধ করতে পারেনি?
- ঝঃ) ‘মদন তাঁতি যেদিন গামছা বুনবে’ — কে, কাকে একথা বলেছে? তাৎপর্য ব্যাখ্যা করো।
- ট) ‘দেখো রাম নামের মাদুলীটা হারিও না যেন’ — কে কাকে একথা বলেছে? এই কথা বলার কারণ কী?
- ঠ) ‘সুহাসিনী পলের দুটি হাতের দুটি প্রয়োজনের শোভা’ — কী কী থাকে তাঁর দুটি হাতে?
- ড) ‘দেখিলাম ভদ্রলোকটি স্বন্ধাহারশীর্ণ, ভাগ্যলক্ষ্মী কর্তৃক নিতান্ত অনাদৃত’ — কার সম্বন্ধে একথা বলা হয়েছে? তার পরিচয় দাও।
- ঢ) মমতার ঘরে কী কী পাওয়া গেছিল?
- ণ) ‘কিছুক্ষণ পায়চারি করিয়া বংশলোচনবাবু ক্লান্ত হইয়া থাগের ধারে একটা চিপির উপর রুমাল বিছাইয়া বসিয়া পড়িলেন।’ — ঘড়িতে তখন কয়টা বেজেছিল? সেই সময় কোন্ মাস ছিল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$

- ক) উপন্যাস ও ছেটগল্পের মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো।
- খ) ‘জীবিত ও মৃত’ গল্পে চরিত্রিতির শোচনীয় পরিণতিতে পারিবারিক ও সামাজিক অবস্থা কর্তৃ দায়ী ছিল আলোচনা করো।
- গ) ‘ক্ষুধিত পায়াণ’ গল্পে অতিপ্রাকৃতের ভূমিকা আদৌ শিল্প সিদ্ধি লাভ করেছে কি? তোমার মতামত লেখো।
- ঘ) ‘মণিহারা’ গল্পটি ছেটগল্প হিসেবে কর্তৃ সার্থক তা আলোচনা করো।
- ঙ) ‘মানুষের কীর্তি মানুষকে অমর করে’ — কার কোন্
কীর্তির কথা বলা হয়েছে? পাঠ্য গল্প অনুসরণে তার বর্ণনা দাও।
- চ) ‘কৌন্তেয়’ কথাটি সুবোধ ঘোষের এই গল্পে কি কারণে ব্যবহৃত? এই প্রসঙ্গে সুহাসিনী পলের চরিত্রিতি বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ক) ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য নির্দেশ করে একটি সার্থক বাংলা ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো।
- খ) ‘স্ত্রীর পত্র’ গল্পে বিন্দুর স্থান নির্ণয় করো।
- গ) ‘নারী ও নাগিনী’ গল্পে নারী মনস্তত্ত্ব রূপায়ণে তারাশক্তির বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।

ঘ) আশাপূর্ণা দেবীর লেখনীতে মধ্যবিত্তের দিচারিতা ও নারীর প্রতি অসম্মানজনক অনুভব প্রকট হয়েছে — পাঠ্য ছেটগল্প অবলম্বনে আলোচনা করো।
